



ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক
RESERVE BANK OF INDIA
www.rbi.org.in

আরবিআই/২০১১-১২/১৪৭

আরপিএসিডি.সিও.আরআরবি.এএমএল.বিসি.নং.১৫/০৩.০৫.৩৩(ই)/২০১১-১২

আগস্ট ৮, ২০১১

সভাপতি

আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্কসমূহ

মহাশয়,

‘ক্ষুদ্র একাউন্ট’ খোলা

অনুগ্রহ করে ভারত সরকারের ১৬ই ডিসেম্বর, ২০১০ তারিখের বিজ্ঞপ্তি নং ১৪/২০১০/এফ.নং.৬/২/২০০৭-ই.এস.-এর সংযুক্ত প্রতিলিপিটি দেখুন যা কালো টাকা বৈধকরণ প্রতিরোধ (লেনদেনের মূল্য এবং প্রকৃতি সংক্রান্ত নথিসমূহের রক্ষণাবেক্ষণ, রক্ষণাবেক্ষণের পদ্ধতি এবং ধরণ, তথ্য দাখিল করার সময়, ব্যাঙ্কিং কোম্পানি, আর্থিক প্রতিষ্ঠান অথবা মধ্যবর্তী সংস্থাগুলির গ্রাহকদের পরিচয় সংক্রান্ত নথি রক্ষণাবেক্ষণ এবং তার সত্যতা পরীক্ষা) বিধি, ২০০৫-এর সংশোধন করে।

ক. ক্ষুদ্র একাউন্ট

২. বিজ্ঞপ্তির বিধি ২ ধারা(এফবি)-এর অধিধা অনুসারে ‘ক্ষুদ্র একাউন্ট’ বলতে কোনও ব্যাঙ্কিং কোম্পানিতে সেভিংস একাউন্ট বোঝায় যেখানে -

- (১) একটি আর্থিক বছরে সমস্ত জমা মোট এক লাখ টাকার বেশি হবে না।
- (২) এক মাসে টাকা তোলা এবং হস্তান্তর মোট দশ হাজার টাকার বেশি হবে না।
- (৩) যে কোনও সময়ে ব্যালেন্স পঞ্চাশ হাজার টাকার বেশি হবে না।

৩. বিজ্ঞপ্তির বিধি(২এ)-এ ‘ক্ষুদ্র একাউন্ট’ খোলার পদ্ধতি বিশদে বলা আছে। আরআরবিগুলিকে নির্দেশ দেওয়া হচ্ছে ক্ষুদ্র একাউন্ট খোলার জন্য বিধি মোতাবেক পদ্ধতি পালন নিশ্চিত করতে।

খ. সরকারিভাবে বৈধ দলিলপত্র

৪. বিজ্ঞপ্তিটি পিএমএল বিধির বিধি ২(১)-এর ধারা (ডি)-এ অন্তর্ভুক্ত ‘সরকারিভাবে বৈধ দলিল’-এর সংজ্ঞা সম্প্রসারিত করে রাজ্য সরকারের কোনও আধিকারিক কর্তৃক স্বাক্ষরিত এনআরইজিএ দ্বারা জারি করা জব-কার্ড অথবা নাম, ঠিকানা এবং আধার সংখ্যার উল্লেখসহ ইউনিক আইডেন্টিফিকেশন অথরিটি অফ ইন্ডিয়া কর্তৃক পাঠানো চিঠিকে অন্তর্ভুক্ত করে।

৫. আরও বলা হয়েছে যে যে ক্ষেত্রে একটি ব্যাঙ্ক একাউন্ট খোলার জন্য সামগ্রিক কেওয়াইসি দলিল হিসাবে এনআরইজিএ জব কার্ড অথবা আধার কর্তৃক প্রদত্ত চিঠি-র ওপর সম্পূর্ণভাবে আস্থা রাখা (ড্রষ্টব্য. আমাদের ফেব্রুয়ারি ১৮, ২০০৫ তারিখের সার্কুলার আরপিএসিডি নং.আরআরবি .বিসি.৮১/০৩.০৫.৩৩(ই)/২০০৪-০৫-র সঙ্গে সংযুক্ত ‘আপনার গ্রাহককে জানুন’ বিধি এবং কালো টাকা বৈধকরণ নিবারণকারী পদক্ষেপ’ সংক্রান্ত নির্দেশাবলির সংযোজনী ২) সেক্ষেত্রেও ওইরূপ একাউন্ট খোলা হবে বিজ্ঞপ্তিতে ক্ষুদ্র একাউন্টের জন্য প্রস্তাবিত সব শর্ত এবং সীমাবদ্ধতা সাপেক্ষে।

৬. তদনুসারে, সংযুক্ত বিজ্ঞপ্তির বিধি ২এ প্রস্তাবিত পদ্ধতিতে খোলা সব একাউন্ট এবং আধার প্রদত্ত চিঠি বা এনআরইজি-কার্ডের ভিত্তিতে খোলা অন্য সব একাউন্ট বিধি ২-এর উপধারা (২এ)-এর ধারা (১) থেকে (৫) পর্যন্ত উল্লেখিত শর্ত সাপেক্ষে ‘ক্ষুদ্র একাউন্ট’ হিসাবে ধরা হবে।

৭. অনুগ্রহ করে আমাদের সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রাপ্তি স্বীকার করুন।

আপনার বিশ্বস্ত,

(সি ডি শ্রীনিবাসন)

মুখ্য মহাপ্রবন্ধক

সংযোজনী: যথা বর্ণিত